গত ০৮-০৪-২০১৭খ্রিঃ রোজ- শনিবার বেলা ১২.০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/মিরপুর/গুলশান/তেজগাঁও/উত্তরা বিভাগের মার্চ/২০১৭খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা ও অপহরণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

তারিখ ঃ ০৮-০৪-২০১৭খ্রিঃ ।

সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা ।

স্থান ঃ ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা) ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে) ঃ

১.	জনাব মোঃ মিজানুর রহমান বিপিএম(সেবা), অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
২.	জনাব জামিল আহমদ বিপিএম, অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিবি)
৩.	জনাব কৃষ্ণ পদ রায় বিপিএম,পিপিএম (বার), যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম)
৪.	জনাব শেখ নাজমুল আলম, উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-উত্তর)
৫.	জনাব মোঃ সাজ্জাদুর রহমান, উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-পশ্চিম)
৬.	জনাব মীর মোদ্দাছ্ছের হোসেন, উপ-পুলিশ কমিশনার (সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন)
৭.	জনাব খোন্দকার নূরন্নবী, পিপিএম (সেবা) উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-পূর্ব)
৮.	জনাব মোহাম্মদ আনিসুর রহমান, উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন)
৯.	জনাব মোঃ শহিদুল্লাহ পিপিএম, অতিঃ উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-দক্ষিণ) অতিরিক্ত দায়িত্বে উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-দক্ষিণ), ডিএমপি, ঢাকা।
১০.	জনাব মোঃ হুমায়ুন কবীর অতিঃ উপ-পুলিশ কমিশনার (ক্রাইম)
১১.	জনাব কাজী মাহবুবুল আলম, সিনিঃ এসি (নিউমার্কেট মিরপুর জোন)
১২.	জনাব মোঃ আব্দুল্লাহিল কাফী, সিনিঃ এসি (ধানমন্ডি জোন)
১৩.	জনাব হাফিজ আল ফারুক, সিনিঃ এসি (মোহাম্মদপুর জোন)
১৪.	জনাব এ বি এম জিয়াউল করিম, সিনিঃ এসি (ক্যান্টনমেন্ট জোন)
১৫.	জনাব এ বি এম জাকির হোসেন এসি (পল্লবী জোন)
১৬.	জনাব রুহুল আমীন সাগর, এসি (বিমানবন্দর জোন)
১৭.	জনাব ফজলুর রহমান, এসি (শ্যামপুর জোন)
১৮.	জনাব মোঃ সোহেল রানা, এসি (ওয়ারী জোন)
১৯.	জনাব মোঃ আরিফুল ইসলাম, এসি (মতিঝিল জোন)
২০.	জনাব ইশতিয়াক হাসান আমীন, এসি (ক্রাইম)-১
২১.	জনাব নাদিয়া জুঁই, এসি (খিলগাঁও জোন)
২২.	জনাব মোঃ মিজানুর রহমান, এসি (দক্ষিনখান জোন)
২৩.	জনাব মৃত্যুঞ্জয় দে সজল, এসি (ক্রাইম)-২
২৪.	জনাব মোঃ ইহসানুল ফিরদাউস, এসি (রমনা জোন)
২৫.	জনাব সাজ্জাদ ইবনে রায়হান, এসি (নিউমার্কেট জোন)
২৬.	জনাব মোহাম্মদ বদরুল হাসান, এসি (কোতয়ালী জোন)
২৭.	জনাব সৈয়দ মামুন মোস্তফা, এসি (দারুসসালাম জোন)
২৮.	জনাব ইফতেখায়রুল ইসলাম, এসি (ডেমরা জোন)
২৯.	জনাব আতিকুল ইসলাম, এসি (উত্তরা জোন)
৩০.	জনাব মোঃ সালাহ উদ্দিন, এসি (লালবাগ জোন)
৩১.	জনাব মোঃ ওবায়দুর রহমান, এসি (সবুজবাগ জোন)

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মামলার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। আলোচিত প্রতিটি মামলার তদন্তকারী অফিসারকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়।

১। রমনা মডেল থানার মামলা নং-১১ তাং-০৮/০৩/১৭ খ্রিঃধারা-৩০২/২০১/১০৯ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি মা কর্তৃক নবজাতককে শ্বাসরোধে হত্যার ঘটনা। হত্যাকারী মা ও প্ররোচনাকারী সন্তানের পিতাকে গ্রেফতার করা হয়েছে। ভিকটিম ও আসামীদের ডিএনএ নমুনা সংরক্ষন করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। কলাবাগান থানার মামলা নং-০৯ তাং-১৬/০৩/১৭ খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ডিবি'র তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি সাবেক স্বামী কর্তৃক ভিকটিম আরিফুন্নেছাকে ছুরিকাঘাত করে হত্যার ঘটনা। তদন্তকালে এজাহারনামীয় একমাত্র আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত ধারালো ছোরা উদ্ধার করা হয়েছে।।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩। লালবাগ থানার মামলা নং-৪৩ তাং-২২/০৩/১৭ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি স্বামী কর্তৃক স্ত্রীকে হত্যার ঘটনা। মামলার ঘটনায় জড়িত মূল আসামীকে (স্বামী) গ্রেফতার করা হয়েছে এবং সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। যাত্রাবাড়ী থানার মামলা নং-২৪ তাং-০৭/০৩/১৭ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি স্ত্রী কর্তৃক স্বামীকে হত্যার ঘটনা। মামলার ঘটনায় জড়িত এজাহারনামীয় আসামী ভিকটিমের স্ত্রীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

(২) দ্রুত ময়না তদন্ত রিপোর্ট সংগ্রহ করার নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৫। যাত্রাবাড়ী থানার মামলা নং-৯০ তাং-২৩/০৩/১৭ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি ভিকটিম মোঃ আলিফ মিয়া(০৬) কে মাথায় আঘাত করতঃ শ্বাসরোধ করে হত্যার ঘটনা। ময়না তদন্ত রিপোর্টে মাথায় আঘাতের উল্লেখ আছে। তদন্তে কোন অগ্রগতি নাই।

সিদ্ধান্ত ঃ **(১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

(২) ডিবিকে মামলা তদন্তে সহায়তা করার নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৬। গেন্ডারিয়া থানার মামলা নং- ৩৯ তাং-৩১/০৩/১৭ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে সহকারী পুলিশ কমিশনার জানান যে, মামলাটি মাদক ব্যবসা সংক্রান্ত কোন্দলে ভিকটিমকে গুলি করে হত্যার ঘটনা। অত্র মামলার ঘটনায় জড়িত ০৫ জনের মধ্যে ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ০৩ জন স্বাক্ষীর জবানবন্দী গ্রহন করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) হত্যাকান্ডে ব্যবহৃত অস্ত্র উদ্ধার ও জড়িত অপর আসামীদের গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**

(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। খিলগাঁও থানার মামলা নং-০২ তাং-০১/০৩/১৭ খ্রিঃ ধারা-৩০২/৩৪পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি সাইকেল চুরির দায়ে ভিকটিমকে এলোপাথারী মারধর করে হত্যার ঘটনা। অত্র মামলার ঘটনায় জড়িত ০৫ জনের মধ্যে ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) অপর আসামীদের গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।

(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৮। মিরপুর মডেল থানার মামলা নং-০৪ তাং-০১/০৩/১৭ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে সহকারী পুলিশ কমিশনার জানান যে, মামলাটি পূর্ব শত্রুতার জের ধরে ভিকটিমকে চাপাতি দিয়ে এলোপাথারী কুপিয়ে হত্যার ঘটনা। অত্র মামলার ঘটনায় জড়িত ০২ জনের মধ্যে ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) জড়িত মূল আসামী সৌরভকে ১৫ কার্যদিবসের মধ্যে গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**

(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৯। পল্লবী থানার মামলা নং-১০ তাং-০৪/০৩/১৭ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিম সাইফুল ইসলামকে ছুরিকাঘাত করে হত্যার ঘটনা। অত্র মামলায় জড়িত ০৫ জন আসামীর মধ্যে ০২জন আসামীকে গ্রেফতার করা হয়। এদের ০১ জনের ১৬৪ ধারা মোতাবেক জবানবন্দী এবং তার দেখানো মতে হত্যাকান্ডে ব্যবহৃত ছুরি উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) জড়িত বাকী ০৩ জন আসামীকে গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**

(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১০। দারুসসালাম থানার মামলা নং-০৬ তাং-০২/০৩/১৭খ্রিঃধারা-১০৯/১৪৮/১৪৯/৩০৭/৩৩২/৩০২/৪২৭/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি পরিবহন ধর্মঘটকে চলাকালে সংঘটিত দাঙ্গায় হত্যার ঘটনা।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১১। খিলক্ষেত থানার মামলা নং-০২ তাং-০৪/০৩/১৭ খ্রিঃ ধারা-৩০২/৩৪পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক পূর্ব শত্রুতার জের ধরে ভিকটিমকে এলোপাথারী মারধর ও ইট দিয়ে মাথায় আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। **মামলাটি সিআইডি কর্তৃক অধিগ্রহন করা হয়েছে।**

১২। তুরাগ থানার মামলা নং-২৯ তাং-২৬/০৩/১৭খ্রিঃ ধারা-৩০২/৩৪পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি স্বামী কর্তৃক স্ত্রীকে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং স্বামী বিজ্ঞ আদালতে ১৬৪ ধারা মোতাবেক জবানবন্দী প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৩। বিমানবন্দর থানার মামলা নং-২৯ তাং-২৩/০৩/১৭ খ্রিঃ ধারা-৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক অজ্ঞাতনামা মহিলা(২৫) কে হাত-পা বেঁধে গলা কেটে মাথা বিচ্ছিন্ন করে হত্যার ঘটনা। আঙ্গুলের ছাপের মাধ্যমে ভিকটিমকে সণাক্ত করা হয়েছে। তার নাম কুলসুম, সে একজন গার্মেন্টস কর্মী। সিডিআর পর্যালোচনা করে মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) বিচ্ছিন্ন মস্তক উদ্ধারের নির্দেশনা প্রদান করা হয়।**

(২) সিরিয়াস ক্রাইম বিভাগকে মামলা তদন্তে সহায়তা করার নির্দেশ প্রদান করা হয়।

(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৪। কদমতলী থানার মামলা নং-১৮ তাং-০৭/০৩/১৭ খ্রিঃ ধারা-৩৯৫/৩৯৭ পিসি সহ বিস্ফোরক দ্রব্যাদি আইনের ৩/৪ ধারা।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা ৭/৮জন ডাকাত কর্তৃক স্বর্ণালঙ্কার ও মোবাইল ফোন সহ সর্বমোট ১৩,৩০,০০০/- টাকার মালামাল লুটের ঘটনা। অত্র মামলায় সন্দিগ্ধ ০১জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) সভাপতি মহোদয় মামলা তদন্তে চরম অসন্তোষ প্রকাশ করেন।**

(২) ০১ মাসের মধ্যে মামলার রহস্য উদঘাটন করে ডাকাতদের গ্রেফতার ও লুন্ঠিত মালামাল উদ্ধার করতে না পারলে তদন্তকারী অফিসারের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়ার নির্দেশ প্রদান করা হয়। এ ছাড়া ০১ মাস পরে মামলার কেস ডকেট সহ তদন্তকারী অফিসার, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও জোনাল এসিকে অত্রাফিসে হাজির হওয়ার নির্দেশ প্রদান করা হয়।

(৩) ডিবি-পূর্বকে মামলাটি ছায়া তদন্তের নির্দেশ দেয়া হয়।

(৪) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৫। হাজারীবাগ থানার মামলা নং-২৪ তাং-১৫/০৩/১৭ খ্রিঃ ধারা-১৭০/৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র ছিনতাই মামলায় জড়িত ০১জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) জড়িত অপর আসামীদের গ্রেফতার ও লুণ্ঠিত মালামাল উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৬। পল্টন মডেল থানার মামলা নং-৩৯ তাং-২২/০৩/১৭ খ্রিঃ ধারা-৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ৩০,০০,০০০/-টাকা ছিনতাইয়ের ঘটনা। অত্র মামলা তদন্তে কোন অগ্রগতি নাই।

সিদ্ধান্ত ঃ **(১) মামলাটি ডিবিতে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৭। খিলগাঁও থানার মামলা নং-৫৪ তাং- ২৬/০৩/১৭খ্রিঃ ধারা-৩৯২পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অজ্ঞাতনামা আসামীরা ভিকটিমের মোটর সাইকেল, মোবাইল ফোন এবং ১০,০০০/-টাকাসহ মানিব্যাগ ও মূল্যবান কাগজপত্র ছিনতাই করে।

সিদ্ধান্ত ঃ **(১) জড়িত আসামীদের গ্রেফতার এবং ছিনতাই হওয়া মোটরসাইকেল উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।**
(২) প্রত্যক্ষদর্শীদের জবানবন্দী গ্রহন করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৮। সূত্রাপুর থানার মামলা নং-০১ তাং-০২/০৩/১৭ খ্রিঃ ধারা-৩৯২/৪১২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার, লুণ্ঠিত টাকা ও ছিনতাইয়ে ব্যবহৃত ছোরা উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) ডিসি(লালবাগ) কর্তৃক তদন্তকারী অফিসারকে পুরস্কৃত করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৯। দারুসসালাম থানার মামলা নং-১১ তাং-০৭/০৩/১৭ খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত আসামীদেরকে গ্রেফতার, লুণ্ঠিত টাকা ও ছিনতাইয়ে ব্যবহৃত বটি উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) ডিসি(মিরপুর) কর্তৃক তদন্তকারী অফিসারকে পুরস্কৃত করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। শাহ আলী থানার মামলা নং-২৫ তাং-২৮/০৩/১৭ খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ডিবি'র সংশ্লিষ্ট টীম লিডার জানান যে, অত্র মামলার ঘটনায় আসামীসহ ছিনতাই হওয়া পিক আপ উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) জড়িত মূল আসামীসহ অন্যান্য আসামীদের গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। দক্ষিনখান থানার মামলা নং-৪৫ তাং-৩০/০৩/১৭ খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা ০৪জন আসামী কর্তৃক বাসায় প্রবেশ করে নগদ ৩৫,০০০/-টাকা, ১০ভরি স্বর্নালংকার, শাড়ি কাপড় ও মোবাইলফোনসহ সর্বমোট ৫,১৫,০০০/- টাকার মালামাল লুটের ঘটনা। মামলা তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নাই।

সিদ্ধান্ত ঃ **(১) মামলাটি ডিবি ছায়া তদন্ত করবে।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২২। ধানমন্ডি থানার মামলা নং-১১ তাং-১৬/০৩/১৭ খ্রিঃ ধারা-১৪৩/৩২৩/৩৬৫/৩৭৯/৫০৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত ০৬ জন আসামীর মধ্যে ০২জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) জড়িত অপর আসামীদের গ্রেফতার ও অপহরন কার্যে ব্যবহৃত জীপ গাড়ি জব্দ করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। যাত্রাবাড়ী থানার মামলা নং-৩৪ তাং-০৯/০৩/১৭খ্রিঃ ধারা-৩৪২/৩২৩/৩৭৯/৩৬৫/৩৮৬/৩৪পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় ০২ জন আসামী গ্রেফতারসহ ভিকটিম উদ্ধার আছে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৪। যাত্রাবাড়ী থানার মামলা নং-৮৩ তাং-২১/০৩/১৭খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিমদ্বয়কে উদ্ধার করা হয়েছে। জড়িত ০৩ জন আসামীর মধ্যে ০১জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) জড়িত অপর আসামীদের গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।**
(২) আসামী ও ভিকটিমের মোবাইল ফোনের সিডিআর পর্যলোচনা করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৫। যাত্রাবাড়ী থানার মামলা নং-৯৩ তাং-২৪/০৩/১৭খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫ পিসি।

আলোচনা ঃ মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিমকে উদ্ধার করা হয়েছে। জড়িত অপহরনকারী চক্রের ০২ জন সদস্যকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) অপহরনকারী চক্রের অপর সদস্যদেরকে গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৬। কদমতলী থানার মামলা নং-১৫ তাং-০৬/০৩/১৭ খ্রিঃ ধারা-৩৬৫/৩০৭/৩২৬/৩৮৬ পিসি।

আলোচনা ঃ মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় ভিকটিমকে উদ্ধার করা হয়েছে। জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। **মামলাটি সিআইডি কর্তৃক অধিগ্রহন করা হয়েছে।**

২৭। ডেমরা থানার মামলা নং-৩৪ তাং-১৬/০৩/১৭ খ্রিঃ ধারা-৩৬৫/৩২৩পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় ভিকটিমকে উদ্ধার করা হয়েছে। তদন্তকালে জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছেএবং ০২ জন আসামী জামিনে আছে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৮। পল্টন মডেল থানার মামলা নং-৫৬ তাং-৩১/০৩/১৭ খ্রিঃ ধারা-৩৬৫/৩৪২/৩৮৫/৩৮৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি সৌদিআরবে অবস্থানরত ভিকটিমকে অপহরনপূর্বক বাংলাদেশে মুক্তিপণ আদায়ের ঘটনা। ভিকটিম উদ্ধার নাই। বিকাশের তথ্য সংগ্রহপূর্বক আসামীদের সণাক্তের কাজ চলছে।

সিদ্ধান্ত ঃ **(১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৯। মোহাম্মদপুর থানার মামলা নং-৪০ তাং-১৩/০৩/১৭ খ্রিঃ ধারা-৩৬৫/৩২৩/৩৮৫/১০৯ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিমকে উদ্ধার এবং জড়িত ০৪ জন আসামী গ্রেফতার করা হয়েছে। ০৪ জন আসামীই বিজ্ঞ আদালতে কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক জবানবন্দী প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩০। কাফরুল থানার মামলা নং-৫১ তাং-২৩/০৩/১৭খ্রিঃ ধারা-৩৬৩/৩৬৪/৩৮৬/৩৮৭/৪০২/৩২৩/৩৪পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি মূলত ব্যবসায়ীক লেনদেনজনিত বিরোধের ঘটনা যা প্রকৃত অপহরন নহে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩১। দক্ষিনখান থানার মামলা নং-৩২ তাং-২১/০৩/১৭ খ্রিঃ ধারা-৩৬৫ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিম উদ্ধার আছে। ঘটনাটি প্রকৃতপক্ষে অপহরন নয়।

সিদ্ধান্ত ঃ **(১) মামলাটি চূড়ান্ত রিপোর্ট তথ্যগত ভুল দাখিলের নির্দেশ প্রদান করা হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয় আরো ভালভাবে মামলা তদন্তে মনোনিবেশ করার পরামর্শ দেন। সভাপতি মহোদয় খুন মামলা তদন্তের ক্ষেত্রে জোনাল এসিদের অবশ্যই ঘটনাস্থল পরিদর্শন এবং সুরতহাল প্রতিবেদন পর্যবেক্ষণের নির্দেশ দেন। অপরাধ বিভাগে সংঘটিত যে কোন আলোচিত/চাঞ্চল্যকর/উল্লেখযোগ্য অপরাধের বিষয়ে ডিবি'র সংশ্লিষ্ট বিভাগকে তাৎক্ষণিক অবহিত করার নির্দেশ প্রদান করা হয়। জঙ্গীবাদ নির্মূল ও মাদক ব্যবসায়ীদের দমনে আন্তরিকতার সাথে কাজ করার নির্দেশ প্রদান করা হয়। যে সকল মামলাগুলির রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলির রহস্য অতি শীঘ্রই উদঘাটন করার লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা বিভাগে গত মার্চ/১৭খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা ও অপহরণ মোট ৩১ টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে ১০ টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ও
সভাপতি
মামলা তদন্ত মনিটরিং কমিটি

স্মারক নং-ডিএমপি (সংদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৭/অংশ-৪/ তারিখ- -০৪-২০১৭খ্রিঃ।

<u>অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

১। উপ-পুলিশ কমিশনার (রমনা/লালবাগ/ওয়ারী/মতিঝিল/তেজগাঁও/মিরপুর/গুলশান/উত্তরা/ডিবি-উত্তর/পশ্চিম/পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম/অপরাধতথ্য ও প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।
২। এসি (রমনা/নিউমার্কেট/ধানমন্ডি/লালবাগ/কোতয়ালী/ওয়ারী/ডেমরা/শ্যামপুর/খিলগাঁও/মতিঝিল/মোহাম্মদপুর/মিরপুর/পল্লবী/দারুস সালাম/ক্যান্টনমেন্ট/উত্তরা/দক্ষিণখান/বিমানবন্দর) ডিএমপি, ঢাকা।

} অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

৩। পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
৪। পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা।
৫। পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম), ডিএমপি, ঢাকা।
৭। অফিস নথি।

} অবগতির জন্য।

কৃষ্ণ পদ রায় বিপিএম,পিপিএম (বার)
বিপি-৬৮৯৫০৭৫৯৬৮
যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ফোন-৯৩৫০৩৪১, ফ্যাক্স-৯৩৬১৪৯
ই-মেইল ঃ jccrime@dmp.gov.bd